

**উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির জানুয়ারি/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : এ, এফ, এম, আবু সুফিয়ান  
 উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট  
 তারিখঃ : ২৮/০১/২০২১ খ্রি.  
 সময় : বেলা ১১.৪৫ ঘটিকা  
 স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ক্ষেতলাল, জয়পুরহাট  
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুর্তেই গত মাসে অনুষ্ঠিত উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলার নারী ও শিশু নির্যাতন পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ	ক) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসেচনতা বৃদ্ধিসহ মোটিভেশনাল কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীর নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। গ) নারী শিক্ষার প্রসার ঘটানোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ) বাল্য বিবাহ বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, ক্ষেতলাল পৌরসভা, অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ক্ষেতলাল, এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
০২	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার সুষ্ঠু ও তড়িৎ তদন্ত	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলা হলে সেগুলো দ্রুততম সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন করে সংশ্লিষ্ট আদালতে প্রতিবেদন দাখিল নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট তদন্তকারী সংস্থা (সকল)
০৩	নারী ও শিশু নির্যাতন বিষয়ক প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তিকরণ	নারী ও শিশু নির্যাতন বিষয়ক কোন অভিযোগ/আবেদন পাওয়া গেলে দ্রুততার সাথে ঘটনার অনুসন্ধান করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, ক্ষেতলাল পৌরসভা, অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ক্ষেতলাল, এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

০২। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে আলোচনায় সভাপতি উল্লেখ করেন যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নারীর ক্ষমতায়ন এবং নারী শিক্ষার গুরুত্ব অপরিসীম। কোন স্থানে নারী ও শিশু নির্যাতন বিষয়ক কোন ঘটনা ঘটামাত্র সে বিষয়ে তৎক্ষণাৎ তথ্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এ, এফ, এম, আবু সুফিয়ান)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ক্ষেতলাল, জয়পুরহাট  
 ফোনঃ ০৫৭২৩-৫৬০০৮  
 email: unokhetlal@mopa.gov.bd

২৮/০১/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট  
<http://khetlal.joypurhat.gov.bd>

নং-০৫.৪৩.৩৮৬১.০০৮.০১০.১৯-১৪৪

তারিখঃ ০৯/০২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ এবং জাতীয় সংসদ সদস্য, ৩৫ জয়পুরহাট-২
- ০২। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৭। মেয়র, ক্ষেতলাল পৌরসভা
- ০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৯। সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট
- ১০। উপজেলা..... অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১১। অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, জয়পুরহাট
- ১২। চেয়ারম্যান, তুলশীগঞ্জা/বড়তারা/বড়াইল/মামুদপুর/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক.....
- ১৪। জনাব.....
- ১৫। অফিস কপি